বাল্য বিয়ে পড়িয়ে কাবিননামা না দেওয়ার পায়তারা

দামুড়হুদায় বহুল আলোচিত কুতুব কাজী মোটা অংকের টাকার বিনিময়ে জয়রামপুর গ্রামের মাঠ পাড়ার আহার আলীর নাতনী সানজিদা খাতুন (১৫) ৭ম শ্রেণীর ছাত্রীর সাথে একই গ্রামের জয়রামপুর মাঠপাড়ার ডালুর ছেলে স্বাধীন(২০) সাথে ২ লক্ষ টাকা দেনমহরে বাল্য বিবাহ দেন। গত ৭ই নভেম্বর ২০ইং তারিখে কুতুব কাজীর বাড়িতে বসে এ বিবাহ দেওয়া হয় (যার ভিডিও রয়েছে)। স্বাধীন তার স্ত্রীকে নিয়ে দেড় মাস সংসার করার পর স্বাধীনসহ তার পরিবারের লোকজনের অত্যাচারে সানজিদা বাবার বাড়িতে চলে যায়।

এখন স্বাধীন ও তার পরিবারের লোকজন বলতে থাকে সানজিদার সাথে স¦◌াধীন বিয়ে করেনি। পরে সানজিদা খাতুন বাদি হয়ে চুয়াডাঙ্গা কোটে স্বাধীনের বিরোধে মামলা দায়ের করে। কোট বিয়ের কাবিননামা দেখতে চাইলে সানজিদার পরিবার কুতুর কাজীর নিকট কাবিনামা চাইলে কাজী বিয়ে দেওয়ার কথা অস্বীকার করে। এ দিকে কুতুব কাজীকে স্বাধীনের পরিবার ম্যানেজ করায় কুতুব কাজী অস্বীকার করে বলে আমি বিয়ে পড়ানি।

অথচ কাজী যখন বিয়ে পড়ায় তখন ভিডিও করে রাখে মেয়ে পক্ষের লোকজন। কুতুব কাজীর লম্বা হাত হওয়ায় ভিডিওকে তোয়ক্কা না করেই অস্বীকার করতে থাকে। কাবিনামা না দেওয়ার পায়তারা চালিয়ে আসছে চতুর এ কাজী সাহেব। এক দিকে স্বাধীন সানজিদাকে বিয়ে করে দেড় মাস সংসার করে বিয়ের কথা অস্বীকার করছে, অন্য দিকে কাজী সাহেব বিয়ের কাবিননামা না দেওয়ার পায়তারা করছে।
তাই সানজিদার অধিকার বিয়ের কাবিনামা উদ্ধারসহ স্বাধীন ও কুতুব কাজীকে আইনের আওতায় আনবেন প্রসাশন এমটিই চাওয়া ভোক্তভোগি মহলের।

সানজিদার খালা সালমা বেগম জানান, আমার বোনের মেয়ে সানজিদাকে একজনের বাড়ি নিয়ে গিয়ে নষ্ট করে। পরে একই গ্রামের তাহাজ্জত মোড়ল স্বাধীন ও সানজিদার সাথে বিয়ে দিয়ে মীমাংসা করে। এখন গ্রামের মোড়ল তাহাজ্জত বলছে তাদের বিয়ে হয়নি। স্বাধীন কোটে বলেছে আমি বিয়ে করিনি। কুতুব কাজী বলেছে ছেলে মেয়ের বয়স হয়নি আমি কাবিনামা দিব না আপনারা যা পারেন তাই করে নেন। আমরা এখন মেয়েকে নিয়ে অসহায়

হয়ে পড়েছি।

কুতুব কাজী বলেন, আমি বিয়ে পড়িয়েছি আপনাদের কাছে ভিডিও আছে তাই কি হয়েছে আমি তাদের কাবিনামা দিব না। আপনারা যা পারেন তাই করেন।

একই গ্রামের নেতা তাহাজ্জত আলি বলেন, তাদের তো বিয়ে হয়নি। বিয়ে হয়নি তো দেড় মাস সংসার করলো কিভাবে এমন প্রশ্ন করলে তিনি জানান- আমি জানিনা।

দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আব্দুল খালেক জানান, তারা অভিযোগ করলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

দামুড়হুদার কুনিয়া গ্রামে পরের স্ত্রীর ঘরে ঢুকে সার ব্যবসায়ী গ্যাঁড়াকলে

দামুড়হুদা উপজেলার নাটুদা ইউনিয়নের কুনিয়া গ্রামে পরের স্ত্রীর ঘরে ঢুকে সার ব্যবসায়ী এরশাদ আলি(২৫) গ্যাঁড়াকলে পড়েছে। ঘটনাটি ঘটেছে গত রবিবার রাত আনুমানিক সাড়ে ৮টার দিকে।

জানা যায়, গত রবিবার রাতে কুনিয়া গ্রামের সার তেল ব্যবসায়ী এরশাদ আলি একই গ্রামের সাইফুলের স্ত্রীর ঘরে প্রবেশ করে। এ সময় ঐ নারীর শ্বশুর নিজাম উদ্দিন বিষয়টা বুঝতে পেরে ঘরের দরজা লাগিয়ে দেয়।

পরে স্থানীয়দের উপস্থিতিতে ঘরের দরজা খুলে দিলে সার তেল ব্যবসায়ী দোড় দিয়ে পালিয়ে যায়। তবে এ বিষয়ে ভুক্তভোগী পরিবারের সাথে কথা বলার চেষ্টা করেও তাদের সাথে কথা বলা সম্ভব হয়নি।

অভিযুক্ত এরশাদ আলি ঐ গ্রামে প্রভাবশালী হওয়ায় তার বিরুদ্ধে কেউ কথা বলতে সাহস পাই না। ঐ গ্রামের নাম প্রকাশে অনিচ্ছুক একাধিক ব্যক্তি বলেন, এই ঘটনাটি কুনিয়া গ্রামে বেশ মুখরোচক ঘটনায় পরিণত হয়েছে। অভিযুক্ত সামসুল হকের ছেলে এরশাদ আলি দুষ্ট প্রকৃতির লোক তার বিচার হওয়া দরকার। তার জন্য আমাদের গ্রামের বদনাম হয়ে

যাচ্ছে।আমরা এরশাদের দৃষ্টান্ত মূলক শাস্তির দাবী করছি।

অভিযুক্ত এরশাদ আলি জানান, সাইফুল বিকাশে তার বাড়িতে টাকা পাঠিয়েছিলো আমি তার স্ত্রীর কাছে দিতে যায়। এ সময় সাইফুলের বাবা নিজাম উদ্দিন ঘরের দরজা লাগিয়ে দেয়। আমার বিরুদ্ধে যে অভিযোগ করা হয়েছে সেটা মিথ্যা।

নাটুদাহে ভূমিদস্যুদের পেটে ফসলি জমি

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার নাটুদাহের ছাতিয়ানতলায় ভূমিদস্যুদের পেটে যাচ্ছে ফসলি জমির মাটি। গ্রামের মাঠ থেকে মাটি কেটে নেয়া হচ্ছে ইট ভাটায়। এতে শত শত বিঘা ফসলি জমির ভবিষ্যত অনিশ্চিত হয়ে পড়ছে।

একই সঙ্গে উর্বরতা হারিয়ে অনাবাদি হয়ে পড়ছে আবাদি জমি। জমির টপসয়েল কেটে নেওয়ায় ব্যাপকহারে ক্ষতিগ্রস্থ হচ্ছে আবাদী জমি । ফসল ফলানো যেমন বাধাগ্রস্থ হচ্ছে তেমনি অন্যান্য জমিতে চাষাবাদে আগ্রহ হারিয়ে ফেলছে কৃষক।

গ্রামের কৃষকরা গণ স্বাক্ষর করে প্রশাসনের কাছে অভিযোগের প্রস্তুতি নিচ্ছে বলে জানাগেছে। ছাতিয়ানতলা কানাইডাঙ্গা সড়কের পাশে নোংরাসোতার মাঠে ভেকু মেশিনের মাধ্যমে ট্রাক দিয়ে ফসলি জমির মাটি ইট ভাটায় নিয়ে যাওয়া হচ্ছে। জমির মালিকরা না বুঝেই তা ইট ভাটার মালিকদের কাছে বিক্রি করছেন।

কানাইডাঙ্গার আফসার ভুসকির ছেলে মতিয়ার এ মাটি কেটে পুকুর খনন করছে। এতে পাশের জমির কৃষকদের ফসলি জমি ভাঙনের মুখে পড়েছে বলে জানিয়েছেন স্থানীয়রা। এসব মাটি খেকো ভূমিদস্যুদের আইনের আওতায় আনতে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমানের আশু হস্তক্ষেপ কামনা করেছে এলাকাবাসীসহ সচেতন মহল।

কার্পাসডাঙ্গায় দুস্থদের মাঝে কম্বল ও পানির ফিল্টার বিতরণ

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গায় গতকাল শুক্রবার বিকাল ৪ টার দিকে অক্সফোর্ড সোলার টেকনোলজি ও অক্সফোর্ড গ্রুপের পক্ষ থেকে অক্সফোর্ড গ্রুপের চেয়ারম্যান বনী ইয়ামিনের পক্ষ থেকে এলাকার শীতার্ত ও দুস্থ পরিবারের মাঝে শতাধিক কম্বল বিতরণ করা হয়। তাছাড়া এলাকার বিভিন্ন মসজিদ, মাদ্রাস, মক্তবে সুপেয় পানির ফিল্টার প্রদান করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা আ: লীগের সাধারণ সম্পাদক সাবেক চুয়াডাঙ্গা জেলা পরিষদের প্রশাসক মাহফুজুর রহমান মনজু।

এ সময় আরো উপস্থিত ছিলেন এ্যাড: আশাদুল্লাহ, কার্পাসডাঙ্গা বাজারের বিশিষ্ট ব্যবসায়ী আ:মালেক, কার্পাসডাঙ্গা ১ নং ওয়ার্ড আ: লীগের সাধারণ সম্পাদক শওকত আলী, কার্পাসডাঙ্গা পুলিশ ফাঁড়ির ইনচার্জ পুলিশ পরিদর্শক ইব্রাহীম শেখ, আ: লীগ নেতা ফয়সাল, আশাদুল, সাংবাদিক আওয়াল হোসেন, মেহেদী হাসান মিলন, বিল্লাল, শিমুল রেজা, আব্দুর রহমান, একিম, ইশিতা পারভীন প্রমুখ।

কুড়ুলগাছির মামুন স্টোরে দিনে দুপুরে আবারো প্রায় ৪ লক্ষ টাকা চুরি

দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি বাজারের মের্সাস মামুন স্টোরে এবার দিনে দুপুরে চুরির ঘটনা ঘটেছে।

১২ ফেব্রুয়ারি গতকাল শুক্রবার জুম্মার নামাযের সময় দোকানের টিনের চালা কেটে চোরেরা আনুমানিক ৩ লক্ষ ৭০ হাজার টাকা চুরি করে নিয়ে গেছে বলে দাবী করছেন দোকান মালিক আল মামুন (বাবু)। চুরির ঘটনায় দোকানে থাকা সিসি ক্যামেরায় চোরকে সনাক্ত করতে চেষ্টা চালানো হচ্ছে। এই ঘটনায় দর্শনায় থানার এস আই সাইফুল ইসলাম ঘটনাস্থল পরিদর্শন করছেন।

দোকানের মালিক আল মামুন (বাবু) জানান, প্রতিদিনের ন্যায় গতকাল শুক্রবার দোকানের বেচাকেনা শেষ করে দোকান বন্ধ করে জুম্মার নামাযের জন্য বাড়ি চলে যায়। নামায শেষে বাড়িতে এসে সিসি টিভি ক্যামেরায় দোকানের জিনিস এলোমেলো দেখে সন্দেহ হলে দ্রুত দোকানে গিয়ে দেখি দোকানের মালামাল ক্রয় করার জন্য রাখা ৩ লক্ষ ৭০ হাজার টাকা চুরি করে নিয়ে গেছে চোরচক্র।

দোকানে থাকা সিসি টিভি ক্যামেরায় চোরকে সনাক্তের চেষ্টা চালানো হচ্ছে। ভিডিও ফুটেজ ঝাপসা হওয়াতে সনাক্তের কাজে একটু সমস্যা হচ্ছে।

দর্শনা থানার এস আই সাইফুল ইসলাম জানান, সিসি ক্যামেরায় ধারন হওয়া ফুটেজ দেখে চোরকে সনাক্তের চেষ্ঠা চালানো হচ্ছে। তবে এই রির্পোট লেখা পর্যন্ত পুলিশ ভিডিও পর্যবেক্ষণ করছেন।

কোভিড-১৯ প্রতিরোধে টিকা গ্রহণ করলেন এমপি টগর

করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধের জন্য টিকা গ্রহণ করেছেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর। গতকাল বুধবার সকাল সাড়ে ১১ টার সময় দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে এই টিকা গ্রহণ করেন।

পর্যায়ক্রমে টিকা গ্রহণ করেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনছুর বাবু, দর্শনা কেরুজ চিনিকলের প্রশাসনিক কর্মকর্তা মোঃ শাহাবুদ্দিন, শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সাধারণ

সম্পাদক মাসুদুর রহমান, দামুড়হুদা মডেল থানার ওসি আব্দুল খালেক, ওসি (তদন্ত) আব্দুল্লাহ আল মামুন, কুড়ুলগাছি ইউপি চেয়ারম্যান শাহ মোহাম্মদ এনামুল করীম ইনু, দামুড়হুদা প্রেস ক্লাবের প্রতিষ্ঠাতা সভাপতি দীন মোহাম্মদ, সাংবাদিক সমিতির সাবেক সভাপতি জাহিদুর রহমান মুকুলসহ অনেকে।

টিকা গ্রহণ করার পর সকলেই সুস্থ ও স্বাভাবিক আছেন। কোন পার্শ্বপ্রতিক্রিয়া এখনো পর্যন্ত হয়নি এবং হবে না বলে আশাবাদী তারা। অন্যদেরও করোনা ভাইরাস প্রতিরোধে টিকা গ্রহণের জন্য উৎসাহিত করেন এমপি হাজী আলী আজগার টগর।

দামুড়হুদার জয়রামপুর মাধ্যমিক বিদ্যালয়ের নতুন ভবনের ভিত্তি প্রস্তর স্থাপন

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নে ৭৬ লক্ষ ৫০ হাজার টাকা ব্যয়ে জয়রামপুর মাধ্যমিক বিদ্যালয়ের নতুন ৪ তলা ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করলেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য ও চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি হাজী মোঃ আলী আজগার টগর।

গতকাল বুধবার (১০ ফেব্রুয়ারি) সকাল সাড়ে ১০ টার সময় উক্ত উদ্বোধন অনুষ্ঠানে এমপি আলী আজগার টগর বলেন প্রধানমন্ত্রী ও জাতির জনক বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমানের কন্যা শেখ হাসিনা বাংলাদেশকে সোনার বাংলা গড়ে তুলতে বিভিন্ন ভাবে উন্নয়ন মূলক কাজ করে যাচ্ছে, এ ধারাবাহিকতায় ৭৬ লক্ষ ৫০ হাজার টাকা ব্যয়ে জয়রামপুর মাধ্যমিক বিদ্যালয়ের নতুন ৪ তলা ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হলো।

এভাবে আমরা চুয়াডাঙ্গা-২ আসনে বিভিন্ন প্রতিষ্ঠান, সড়কের কাজসহ অসংখ্য উন্নয়নমূলক কাজ করেছি এবং আরো যাতে আমরা চুয়াডাঙ্গা জেলায় উন্নয়ন করতে পারি সেই জন্য কাজ অব্যাহত রেখেছি।

এ সময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ আলী মুনছুর বাবু, অত্র বিদ্যালয়ের সভাপতি এবং হাউলী ইউনীয়নের আওয়ামী লীগ সভাপতি আলী আহম্মেদ সোনা, হাউলী ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবু সাঈদ খোকন, ইউনিয়ন আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক আদিলুর রহমান আদিল, ইউনিয়ন ছাত্রলীগের আহবায়ক মোঃ রায়হানুল ইসলাম রায়হান, জয়রামপুর মাধ্যমিক বিদ্যালয়ের অবসরপ্রাপ্ত শিক্ষক মোঃ সিরাজুল হকসহ আরো অনেকে।

উক্ত জয়রামপুর মাধ্যমিক বিদ্যালয়ের নতুন ৪ তলা ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন উদ্বোধন ছাড়াও আরো দামুড়হুদার পিরপুরকুল্লা নিম্ন মাধ্যমিক বিদ্যালয় ও কুড়ালগাছি মাধ্যমিক বিদ্যালয়ের চার তলা ভিত বিশিষ্ট একতলা একাডেমিক ভবন নির্মাণ কাজের উদ্বোধন করলেন।

কুতুবপুর ক্রিকেট টুর্নামেন্টের ফাইনাল খেলায় কুড়ুলগাছি একাদশ জয়ী

দামুড়হুদা উপজেলার কুতুবপুর ক্রিকেট টুর্নামেন্ট ২০/২১ এর ফাইনাল খেলায় কুতুবপুর একাদশকে হারিয়ে কুড়ুলগাছি একাদশ জয়লাভ করেছে। গতকাল মঙ্গলবার বিকাল সাড়ে তিনটার দিকে কুতুবপুর ক্রিকেট মাঠ প্রাঙ্গণে এ খেলা অনুষ্ঠিত হয়।

প্রথমে টসে জিতে কুড়ুলগাছি একাদশ ব্যাটিং করার সিদ্ধান্ত নেয়। কুড়ুলগাছি একাদশ ব্যাট করতে নেমে নির্ধারিত ১৫ ওভার শেষে ৭ উইকেট হারিয়ে ১৭১ রান সংগ্রহ করে।

কুতুবপুর একাদশ ১৭২ রানের টার্গেটে ব্যাট করতে নেমে ৮ উইকেট হারিয়ে ১৫ ওভার খেলে ৯৩ রান সংগ্রহ করে। কুড়ুলগাছি একাদশের ইচু তিন উইকেট ও ২৯ বলে ৯৪ রান করে ম্যান অব দ্যা ম্যাচ এর পুরস্কার জিতে নেন।

ফাইনাল খেলায় জয়লাভ করে পুরস্কার তুলে নেন কুড়ুলগাছি একাদশের ক্যাপ্টেন আশরাফুল। ফাইনাল খেলার পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান খলিলুর রহমান ভুট্ট, মনি মেম্বর, সাংবাদিক শরীফ রতন, মেহেদী হাসান মিলন, বিল্লাল, প্রিন্স সাজ্জাদ ও টুর্নামেন্ট কমিটির নেতৃবৃন্দ।

দামুড়হুদার কুড়ুলগাছিতে বীর মুক্তিযোদ্ধা লিয়াকত আলীকে রাষ্ট্রীয় মর্যাদায় দাফন

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি গ্রামের মৃত জবেদ আলীর ছেলে বীর মুক্তিযোদ্ধা লিয়াকত আলীর মরদেহ রাষ্ট্রীয় মর্যাদায় দাফন সম্পন্ন করা হয়েছে। জানা গেছে, গতকাল মঙ্গলবার ভোরের দিকে বীর মুক্তিযোদ্ধা লিয়াকত আলী অসুস্থতাজনিত কারণে মৃত্যবরণ করেন।

গতকাল মঙ্গলবার দুপুর ২টার দিকে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমানের নেতৃত্বে দর্শনা থানা পুলিশের চৌকস পুলিশ সদস্যরা বীর মুক্তিযোদ্ধা লিয়াকত আলীকে গার্ড অব অনার প্রদান করেন। গার্ড অব অনার শেষে কুড়ুলগাছি গ্রাম্য কবরস্থানে তাঁর দাফন সম্পন্ন হয়।

এ সময় উপস্থিত ছিলেন কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শাহ মো: এনামুল করিম ইনু, বীর মুক্তিযোদ্ধা সাবেক দামুড়হুদা উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার আছের উদ্দীন ও দামুড়হুদা উপজেলার বীর মুক্তিযোদ্ধারা।

দামুড়হুদায় সেলাই মেশিন, স্যানিটারি প্যাড, টিফিন বক্স, ডাস্টবিন ও মাস্ক বিতরণ

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়ন পরিষদে সেলাই মেশিন, স্যানিটারি প্যাড, টিফিন বক্স, ডাস্টবিন ও মাস্ক বিতরণ করা হয়েছে।

গতকাল মঙ্গলবার (৯ ফেব্রুয়ারি) হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান জনাব মোঃ নিজাম উদ্দীনের সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ আলী মুনছুর বাবু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার জনাব দিলারা রহমান। এছাড়া আরো উপস্থিত ছিলেন হাউলী ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোঃ আবু সাঈদ খোকনসহ আরো অনেকে।

উক্ত অনুষ্ঠানে গরীব অসহায় মহিলাদের মাঝে সেলাই মেশিন তুলে দেন উপস্থিত অতিথি বৃন্দ। এ সময় স্যানিটারি প্যাড, টিফিন বক্স, ডাস্টবিন ও মাস্ক বিতরণ করা হয়।